মেহেরপুরে ডায়রিয়া রোগীর অধিকাংশ শিশু

রাইয়ান হোসেন। বয়স তিন বছর। বাড়ি মেহেরপুর সদর উপজেলার ঝাউবাড়িয়া গ্রামে। কোমল হাতে ক্যানোল নিয়ে শুয়ে আছে হাসপাতালের ডায়রিয়া ওয়ার্ডের মেঝেতে। শিশুপুত্রকে হাতপাখায় বাতাস করছেন শিওরে বসে থাকা মা সুমাইয়া খাতুন।

তিনি বলেন, তিন দিন ধরে তার বাচ্চা ডায়রিয়ায় আক্রান্ত হয়েছে। বাড়িতেই প্রাথমিক চিকিৎসা দেওয়া হচ্ছিল। কিন্তু গত রবিবার দুপুর থেকে অবস্থার অবনতি হলে বিকালে হাসপাতালে ভর্তি করা হয়। সোমবার সকাল থেকে একটু কমেছে।

একই উপজেলার সুবিদপুর গ্রামের দুই বছর বয়সী লাবিব আল আমিন। রবিবার রাতে হাসপাতালে ভর্তি করা হয়েছে। তার মা আরমিনা খাতুন জানান, অতিরিক্ত গরমে তার বাচ্চা ডায়রিয়ায় আক্রান্ত হয়েছে।

একই ওয়ার্ডেও মুজিবনগর উপজেলার সোনাপুর গ্রামের ৫ বছর বয়সী শাফায়েত হোসেন, জীবননগরের এক বছর বয়সী তাসফিয়া জান্নাতসহ ২৩ শিশু ডায়রিয়া আক্রান্ত হয়ে চিকিৎসাধীন রয়েছে।

গতকাল সোমবার দুপুরে মেহেরপুর জেনারেল হাসপাতালের ওয়ার্ড পরিদর্শন করে এ চিত্র পাওয়া গেছে।

মেহেরপুরে তীব্র তাপদাহে সবচেয়ে বেশি ঝুকিতে আছে শিশুরা। হাসপাতালের ডায়রিয়া ওয়ার্ড থেকে প্রাপ্ত তথ্যে জানা গেছে, গত এক সপ্তাহে ডায়রিয়ায় আক্রান্ত হয়ে মেহেরপুর জেনারেল হাসপাতালে ভর্তি হয়েছে ১৫৫ শিশু। আর বয়স্ক আক্রান্ত ভর্তি হয়েছেন ৬৯ জন। সবমিলিয়ে ২২৪ জন রোগী ডায়রিয়া আক্রান্ত হয়ে মেহেরপুর জেনারেল হাসপাতালে চিকিৎসা নিয়েছেন। প্রতিদিন গড়ে নতুন করে ৩০ থেকে ৪০ জন নতুন রোগী ভর্তি হচ্ছেন। গতকাল সোমবার দুপুরে ১০ শয্যার ডায়রিয়া ওয়ার্ডে বিপরীতে ভর্তি ছিলো ৩০ জন। তার মধ্যে শিশু ছিলো ২৩ জন।

হাসপাতালের ডায়রিয়া ওয়ার্ডের সিনিয়র স্টাফ নার্স নিপু আক্তার জানান, প্রতিদিন গড়ে ৪০ জন রোগী ভর্তি হচ্ছে। এর অধিকাংশ রোগী শিশুরা। হাসপাতাল থেকে সকল ধরণের স্যালাইন, ওষুধ সরবরাহ করা হচ্ছে।

মেহেরপুর জেনারেল হাসপাতালের সুপার ডা. জমির মো. হাসিবুস সাত্তার বলেন, প্রতিবছর এপ্রিল-মে মাসে সাধারণত ডায়রিয়া রোগীর প্রকোপ দেখা দেয়। এছাড়াও এবছর অধিক তাপমাত্রার কারণে ডায়রিয়ায় আক্রান্তের সংখ্যা বেড়েছে। ১০ শয্যার ওয়ার্ডের বিপরীতে সবসময় তিনগুণের বেশি রোগী থাকে। এই তাপদাহে শিশুদের প্রতি যত্ন অভিভাবকেদর সচেতনতা বাড়ানোর আহবান জানান।

চুয়াডাঙ্গায় উপজেলা নির্বাচনের প্রার্থীদের সাথে নির্বাচন কমিশনারের মতবিনিময় সভা

৬ষ্ঠ উপজেলা পরিষদ নির্বাচন উপলক্ষে চুয়াডাঙ্গা, কুষ্টিয়া, ঝিনাইদহ ও মেহেরপুর জেলার নির্বাচন সংশ্লিষ্ট কর্মকর্তাগণের উপস্থিতিতে প্রতিদ্বন্দ্বী প্রার্থীদের সাথে আচরণ বিধি ও অন্যান্য বিষয়ে মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়েছে।

নির্বাচন কমিশনার ব্রিগেডিয়ার জেনারেল (অবঃ) আহসান হাবিব চুয়াডাঙ্গা জেলা প্রশাসক কার্যালয়ের সম্মেলন কক্ষে গতকাল সোমবার সকাল সাড়ে এগারোটার সময় চুয়াডাঙ্গা, কুষ্টিয়া, ঝিনাইদহ ও মেহেরপুর জেলা নির্বাচন সংশ্লিষ্ট কর্মকর্তা ও নির্বাচনে অংশগ্রহণকারী প্রতিদ্বন্দ্বী প্রার্থী গনের সঙ্গে মতবিনিময় সভা করেন।

নির্বাচন কমিশনার আসন্ন উপজেলা পরিষদ নির্বাচন অবাধ, সুষ্ঠু, নিরপেক্ষ ও গ্রহণযোগ্য করতে চুয়াডাঙ্গা, কুষ্টিয়া, ঝিনাইদহ ও মেহেরপুর জেলার নির্বাচন সংশ্লিষ্ট কর্মকর্তা এবং প্রতিদ্বন্দ্বী প্রার্থীগণের সাথে উন্মুক্ত আলোচনা করেন। উপস্থিত নির্বাচনে অংশগ্রহণকারী প্রতিদ্বন্দ্বী প্রার্থীগণের বক্তব্য শোনেন এবং প্রতিদ্বন্দ্বী প্রার্থীদের বিভিন্ন আবেদন আইন অনুযায়ী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার জন্য নির্বাচন সংশ্লিষ্ট কর্মকর্তাদের নির্দেশনা প্রদান করেন। পাশাপাশি নির্বাচনে অংশগ্রহণকারী প্রতিদ্বন্দ্বী প্রার্থীদের উপজেলা পরিষদ সাধারণ

নির্বাচন আইন যথাযথভাবে মেনে চলার প্রয়োজনীয় নির্দেশনা ও পরামর্শ প্রদান করেন।

সভায় সভাপতিত্ব করেন চুয়াডাঙ্গা জেলা প্রশাসক ড. কিসিঞ্জার চাকমা। বিশেষ অতিথি হিসাবে উপস্থিত ছিলেন চুয়াডাঙ্গার পুলিশ সুপার আর এম ফয়জুর রহমান পিপিএম- সেবা, কুষ্টিয়ার জেলা প্রশাসক মো. এহেতেশাম রেজা, ঝিনাইদহের জেলা প্রশাসক এস.এম. রফিকুল ইসলাম, মেহেরপুরের জেলা প্রশাসক মোঃ শামীম হাসান।

এসময় উপস্থিত ছিলেন সংশ্লিষ্ট জেলার পুলিশ সুপার সহ পুলিশের উর্ধ্বতন কর্মকর্তা, বিজিবি, র্যাব ও আনসার বাহিনীর কর্মকর্তাগণসহ জেলা প্রশাসন ও চুয়াডাঙ্গা, কুষ্টিয়া, ঝিনাইদহ ও মেহেরপুর জেলার নির্বাচন অফিসার ও নির্বাচন সংশ্লিষ্ট কর্মকর্তা এবং উপজেলা পরিষদ নির্বাচনে অংশগ্রহণকারী প্রতিদ্বন্দ্বী প্রার্থীগণ।

মেহেরপুরে ইব্রাহিম শাহিনের নির্বাচনী প্রচারণা ও মতবিনিময় সভা

মেহেরপুর সদর উপজেলা পরিষদের চেয়ারম্যান প্রার্থী এড ইব্রাহিম শাহিন এর কাপ পিরিচ মার্কায় নির্বাচনী প্রচারণা ও গনসংযোগ অনুষ্ঠিত হয়েছে।

আজ সোমবার সন্ধ্যায় পৌর এলাকার স্টেডিয়ামপাড়ায় ৮ ওয়ার্ড আওয়ামী লীগের আয়োজনে এ গনসংযোগ অনুষ্ঠিত হয়।

অনুষ্ঠানে সভাপতিত্ব করেন ওয়ার্ড আওয়ামীলীগের সাধারণ সম্পাদক তুফান শেখ।

অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জেলা আওয়ামীলীগের যুগ্ম সাধারণ সম্পাদক ও উপজেলা পরিষদের চেয়ারম্যান প্রার্থী এড ইব্রাহিম শাহিন।

ওয়ার্ড আওয়ামী লীগের সাবেক সাংগঠনিক সম্পাদক রফজুল ইসলাম, ওয়ার্ড আওয়ামী লীগের নেতা কাদের মিয়া, জেলা মটর শ্রমিক লীগের সাংগঠনিক সম্পাদক মুকুল মিয়া, পৌর তাঁতি লীগের সভাপতি নুরু ইসলাম, জেলা ছাত্রলীগের সদস্য আরিফুল ইসলাম, সদর থানা ছাত্রলীগের সাবেক যুগ্ম সাধারণ সম্পাদক সুঈট, জেলা ছাত্রলীগের সহ-সভাপতি দুলাল মাহমুদ প্রমুখ উপস্থিত ছিলেন।

গাংনীর কাথুলী ইউনিয়নে ভাইস চেয়ারম্যান পদপ্রার্থী ফারুকের জনসংযোগ

গাংনীর কাথুলী ইউনিয়ন পরিষদের বিভিন্ন গ্রামে নেতৃবৃন্দের সাথে সাক্ষাৎ ও জনসংযোগ করেন উপজেলা ভাইস চেয়ারম্যান পদপ্রার্থী ফারুক হোসেন।

আজ বিকেল ৫ টার সময় কাথুলী ইউনিয়নের ৩ নং ওয়ার্ড সহগলপুর থেকে আসন্ন ৬ষ্ঠ বারের মত উপজেলা পরিষদ নির্বাচনে ভাইস চেয়ারম্যান পদপ্রার্থী হিসেবে ফারুক হোসেন জনগনের সাথে গনসংযোগ করেন।

এ সময় উপস্থিত ছিলেন গাংনী পৌরসভার সাবেক কাউন্সিলর নবীর উদ্দিন, স্বেচ্ছাসেবক লীগের সভাপতি মহাদ্দেস আলী, শামীম হোসেন সহ ছাত্রলীগ, যুবলীগের নেতৃবৃন্দ।

এ সময় সহগলপুর গ্রাম থেকে জনসংযোগ শুরু কাথুলী ইউনিয়নের প্রতিটি ওয়ার্ডের জনগনের সাথে সাক্ষাৎ করার কথা জানিয়ে যাত্রা শুরু করেন।

ভাইস চেয়ারম্যান পদপ্রার্থী ফারুক হোসেন জানান, আমি পেশায় একজন ব্যবসায়ী ব্যবসা থেকে টাকা উপার্জন করে যতটুকু পেরেছি মানুষের পাশে থাকার চেষ্টা করেছি। ছোট বেলা থেকেই মানবিক কাজে এগিয়ে যেতে পছন্দ করতাম সেই সুবাদে মানুষের পাশে থাকার জন্য আমি আসন্ন উপজেলা পরিষদ নির্বাচনে ভাইস চেয়ারম্যান পদপ্রার্থী হয়েছি। যাতে করে মানুষের পাশে থাকার জন্য এই দায়িত্ব আমাকে দায়বদ্ধতায় পরিনত

করে।আগামী তে জনগন আমাকে ভোট দিয়ে নির্বাচিত করলে আমি জনগনের সাথে এবং পাশে থেকে শেষ নিঃশ্বাস ত্যাগ করতে চাই।

মেহেরপুরে কমিউনিটি টাউন হল সভা অনুষ্ঠিত

মেহেরপুরে ডেমোক্রেসি ইন্টারন্যাশনালের আয়োজনে মেহেরপুর বাসস্ট্যান্ডে যাত্রী ছাউনি স্থাপনের দাবিতে কমিউনিটি টাউন হল সভা অনুষ্ঠিত হয়েছে।

আজ সোমবার সকালে শহরের লা ভোগ রেস্টুরেন্টে ইউএসএআইডি’র অর্থায়নে ‘স্ট্রেংথেনিং পলিটিক্যাল ল্যান্ডস্কেপ’ প্রকল্পের আওতায় ডেমোক্রেসি ইন্টারন্যাশনাল সভার আয়োজন করে।

পরে বেলা সাড়ে ১২ টার সময় সুশীল সমাজ ও মাল্টিপার্টি অ্যাডভোকেসি ফোরাম (এমএএফ) এর মাধ্যমে অতিরিক্ত জেলা প্রশাসক তানভীর আহমেদ রুমানের নিকট মেহেরপুরে বাসস্ট্যান্ডে যাত্রী ছাউনি স্থাপনের দাবিতে স্মারকলিপি প্রদান করা হয়।

এ সময় মেহেরপুর জেলা আওয়ামী লীগের প্রচার সম্পাদক আকবর জালাল, উপপ্রচার-প্রচারণা সম্পাদক মিজানুর রহমান হিরন, জেলা বিএনপির সাংগঠনিক সম্পাদক রোমানা আহমেদ, জেলা জাতীয় মহিলা সংস্থার চেয়ারম্যান শামীম আরা হীরা, জেলা আইনজীবী সমিতির সাধারন সম্পাদক এ্যডভোকেট সাইদুর রাজ্জাক, মেহেরপুর প্রেস ক্লাবের সভাপতি ফজলুল হক মন্টু, মেহেরপুর সরকারি কলেজ ছাত্রলীগের সাধারণ সম্পাদক কুতুব আহমেদ, দপ্তর সম্পাদক ইব্রাহিম আলী, ডেমোক্রেসি ইন্টারন্যাশনাল এর রিজিওনাল ম্যানেজার রুবাইয়াত হাসান ও ইলেকটোরাল প্রোগ্রাম এসিসট্যানট সিলমী সাদিয়াসহ আওয়ামী লীগ ও বিএনপির, স্বেচ্ছাসেবী সংগঠন থেকে YEH এর যশোর অঞ্চলের আঞ্চলিক সমন্বয়কারী ও বসুন্ধরা শুভ সংঘের মেহেরপুর জেলা সাধারন সম্পাদক পলাশ আহম্মেদসহ, রেড ক্রিসেন্ট জেলা সভাপতি শান্ত ইসলাম সহ নেতৃবৃন্দরা, সুশীল সমাজ ও তরুণ সংস্থাগুলোর প্রতিনিধিগণ স্বারকলিপি প্রদানের সময় উপস্থিত ছিলেন।

মেহেরপুর সদর উপজেলা পর্যায়ের রচনা প্রতিযোগিতায় প্রথম নাফিউল

মেহেরপুরে জাতীয় শিক্ষা সপ্তাহ ২০২৪ এর রচনা প্রতিযোগিতায় প্রথম স্থান অধিকার করেছেন নাফিউল ইসলাম।

আজ সোমবার সকাল থেকে কবি কাজী নজরুল শিক্ষা মন্জিলে মেহেরপুর সদর উপজেলা পর্যায়ের রচনা প্রতিযোগিতা সহ বিভিন্ন প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়েছে।

উক্ত প্রতিযোগিতায় রচনা প্রতিযোগিতায় অংশগ্রহণ করেছিলেন মেহেরপুর সরকারি কলেজের স্নাতক শ্রেণীর শিক্ষার্থী মোহাম্মদ নাফিউল ইসলাম ঘর গ্রুপের প্রতিযোগিতায় শ্রেষ্ঠ নির্বাচিত হয়েছে নাফিউল ইসলাম মেহেরপুর সদর উপজেলার আমদহ গ্রামের মোহাম্মদ ফয়েজ শেখের ছেলে।

নির্ধারিত বক্তৃতা ও রচনা প্রতিযোগীতায় উপজেলা পর্যায়ে প্রথম স্থান অধিকার করায় শুভেচ্ছা জানিয়েছেন মেহেরপুরের বিভিন্ন স্বেচ্ছাসেবী সংগঠন সহ সুশীল সমাজ।

নাফিউল ইসলাম লেখা পড়ার পাশাপাশি বিভিন্ন স্বেচ্ছাসেবী সংগঠনের সাথেও কাজ করে চলেছেন।

গাংনীতে ফিজিক্স অলিম্পিয়াড

অনুষ্ঠিত

সায়েন্স স্কোয়াড গাংনীর আয়োজনে ফিজিক্স অলিম্পিয়াড অনুষ্ঠিত হয়েছে। গত শনিবার বিআর লাইসিয়াম স্কুল অ্যান্ড কলেজে অনুষ্ঠিত হয়েছে এ অলিম্পিয়াড।

অনুষ্ঠানে বিশিষ্ট নারী নেত্রী ও বি আর লাইসিয়াম স্কুল অ্যান্ড কলেজের সভাপতি নুরজাহান বেগমের সভাপতিত্বে এবং দৈনিক লাখোকন্ঠের জেলা প্রতিনিধি সাংবাদিক রফিকুল আলম বকুলের সঞ্চালনায় অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে বক্তব্য রাখেন গাংনী পৌরসভার মেয়র আহমেদ আলী।

বিশেষ অতিথি ছিলেন গাংনী সরকারী ডিগ্রি কলেজের অধ্যক্ষ মনিরুল ইসলাম, গাংনী মহিলা ডিগ্রি কলেজের অধ্যক্ষ খোরশেদ আলম, সাহারবাটি ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান মশিউর রহমান, গাংনী টেকনিক্যাল এন্ড বি এম কলেজের অধ্যক্ষ আবুল কালাম আজাদ স্বপন, গংনী প্রেসক্লাবের সভাপতি তৌহিদ উদ দৌলা রেজা, ধানখোলা টেকনিক্যাল এন্ড বি এম কলেজের অধ্যক্ষ মাহফুজুর রহমান শিলন, বঙ্গবন্ধু কলেজের সহকারী অধ্যাপক কামরুজ্জামান, রাইপুর মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক মিজানুর রহমান, বিআর লাইসিয়াম স্কুল অ্যান্ড কলেজের গভর্নিং বডির সদস্য বশির আহমেদ, বিআর লাইসিয়াম স্কুল অ্যান্ড কলেজের পরিচালক বাদশা মিয়া

সকালে শিক্ষার্থীদের স্পট রেজিষ্টেশন, রিপোর্টিং, উদ্বোধনী পর্ব ও বক্তব্য, ফিজিক্স অলিম্পিয়াডের পরীক্ষা, স্পট কুইজ ও রুবিক্স প্রতিযোগিতা এবং চুড়ান্ত বিজয়ী শিক্ষার্থীদের পরীক্ষার ফলাফল প্রকাশ ও পুরষ্কার বিতরণ অনুষ্ঠিত হয় ।

অনষ্ঠানে স্বাগত বক্তব্য রাখেন সায়েন্স স্কোয়াডের অন্যতম সদস্য ফেরদৌস আল আমিন । অনুষ্ঠানে শুরুতে পবিত্র কুরআন তেলাওয়াত করেন শাহরিয়ার ইমন রেজা। অনুষ্ঠানে সমাপনী বক্তব্য রাখেন সংগঠনের অন্যতম সদস্য আফ্রিদি আহমেদ। অনুষ্ঠানে প্রায় ৪৫০ শিক্ষার্থী রেজিষ্ট্রেশন ও পরীক্ষায় অংশগ্রহণ করেন।

অনুষ্ঠানে ক্যাটাগরি এ তে ৬ষ্ঠ থেকে ৮ম ক্যাটাগরি বি ৯ম থেকে ১০ম এবং ক্যাটাগরি সি একাদশ থেকে দ্বাদশ এ পুরষ্কার ও সার্টিফিকেট প্রদান করা হয়। এছাড়া স্পট কুইজ সহ একাধিক ইভেন্টে পুরষ্কার বিতরণ করা হয়।

প্রধান অতিথির বক্তব্যে মেয়র আহমেদ আলী শিক্ষার্থীদের উদ্দেশ্যে বলেন,বিজ্ঞান ভীতি দুর করতে এবং ফিজিক্সের বিভিন্ন সমস্যা সমাধানে ফিজিক্স অলিম্পিয়াড শিক্ষার্থীদের উপকার হবে জানান। তিনি গাংনী তথা মেহেরপুর কে জাতীয় পর্যায়ে তুলে ধরতে এ ধরনের উদ্যোগের প্রশংসা করেন।

মেহেরপুরে হেরোইন ও ইয়াবাসহ ৪ মাদক ব্যবসায়ী গ্রেফতার

পৃথক দুটি অভিযানে ৬ গ্রাম হেরোইন ও ২০ পিচ ইয়াবা ট্যাবলেটসহ ৪ মাদক কারবারী গ্রেফতার করেছে মেহেরপুর সদর থানা ও জেলা গোয়েন্দা পুলিশ (ডিবি)।

গ্রেফতারকৃতরা হলেন, মেহেরপুর সদর উপজেলার গোভীপুর গ্রামের সবজিপাড়া এলাকার কলিম উদ্দিনের ছেলে ফরিদ উদ্দিন (৪৫), উসমান আলীর ছেলে নাজির উদ্দিন (৪০), গাংনী উপজেলার শিশিরপাড়া গ্রামের আব্দুল মান্নানের ছেলে হিরোক (৪৩) ও বাঁশবাড়িয়া গ্রামের সিদ্দিক আলীর ছেলে আলমগীর হোসেন (৩৬)।

মেহেরপুর সদর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) কনি মিয়া জানান, আজ সোমবার (২৯ এপ্রিল) সকাল ১০ টার দিকে উপপরিদর্শক (এসআই) অর্জিনের নেতৃত্বে পুলিশের একটি টিম গোভীপুর গ্রামের ফরিদ উদ্দিনের বাড়িতে গোপন সংবাদের ভিত্তিতে অভিযান চালিয়ে ৬ গ্রাম হেরোইনসহ ফরিদ উদ্দিন ও নাজির উদ্দিনকে গ্রেফতার করেন। এই দুইজন এলাকার চিহিৃত মাদক কারবারী। তাদের বিরুদ্ধে হেরোইনসহ অন্যান্য মাদকের একাধিক মামলা রয়েছে। হেরোইন উদ্ধারের ঘটনায় মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনে একটা নিয়মিত মামলা দায়ের করা হয়েছে।

জেলা গোয়েন্দা পুলিশ (ডিবি) র ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) সাইফুল আলম জানান, আজ সোমবার (২৯ এপ্রিল) বেলা ১১ টার দিকে ডিবি পুলিশের একটি টিম গোপন সংবাদের ভিত্তিতে গাংনী উপজেলা জোড়পুকুরিয়া-ষোলটাকা রাস্তায় অভিযান চালিয়ে ২০ পিচ ইয়াবা ট্যাবলেটসহ হিরোক ও আলমগীর হোসেনকে আটক করা হয়েছে।

এই ঘটনায় গাংনী থানায় মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনে মামলা দিয়ে দুই মাদক কারবারীকে সোপর্দ করা হয়েছে।গ্রেফতারকৃতদের আজ বেলা ১২ টার দিকে আদালতের মাধ্যমে মেহেরপুর জেল হাজতে প্রেরণ করা হয়েছে।

আয়ুব চেয়ারম্যানের হুশিয়ারি; আচরণবিধি ভঙ্গ

‘ভোট সেন্টারে তোতা অর্থাৎ মানে কাপপিরিচের বাইরে কোন এজেন্ট থাকবে না এবং সমস্ত মানুষ একত্রিত হয়ে তাদের প্রতিহত করতে হবে। আমি চেয়ারম্যান হিসেবে এ কথাটাই বলতে চাই। আর যদি কেউ গণ্ডগোল করার চেষ্টা করে তার পায়ে মেয়ে গলায় ঝুলিয়ে ভোট সেন্টার থেকে বের করে দেওয়া হবে। আমরা চাই আনন্দবাসের ইজ্জত বাগোয়ানের ইজ্জত রক্ষা করতে।’

গত ২৫ এপ্রিল রাতে আনন্দবাস মণ্ডলপাড়া সরকারি প্রাথমিক বিদ্যালয় চত্বেও নির্বাচনী জনসভায় মুজিবনগর উপজেলার বাগোয়ান ইউনিয়ন চেয়ারম্যান আযুব হোসেন এ কথা বলেন। এসময় তার পাশে জেলা পরিষদের সাবেক সদস্য শাহিন উদ্দিনসহ স্থানীয় আওয়ামী লীগের নেতারা উপস্থিত ছিলেন।

মেহেরপুরে স্ত্রীর দায়ের করা মামলায় সেকমো আমির হামজার বিরুদ্ধে গ্রেফতারি পরোয়ানা

মেহেরপুরে স্ত্রীর দায়ের করা মামলায় সাহারবাটি ইউনিয়ন স্বাস্থ্য কেন্দ্রের উপসহকারী মেডিকেল কর্মকর্তা আমির হামজা ও তার পিতা

আমজাদ হোসেনের বিরুদ্ধে গ্রেফতারি পরোয়ানা জারি করেছেন আদালত।

গতকাল রবিবার ফারহানা খাতুন মেহেরপুরের আমলি আদালত (গাংনী) হাজির হয়ে এ মামলা করেন। মামলাটি আমলে নিয়ে আদালতের বিচারক জাহিদ হাসান আসামির বিরুদ্ধে গ্রেফতারি পরোয়ানা জারি করেছেন।

মামলার এজাহারে বাদির অভিযোগ, অনুমান ১০ থেকে ১১ বছর পূর্বে আমির হামজার সাথে বাদি ফারহানা খাতুনের বিয়ে হয়। ঘর-সংসার করাকালীন তাদের একটি ১টি কন্যা সন্তান জন্মগ্রহণ করে। বিয়ের সময় যৌতুকের দাবী না থাকলে কন্যা সন্তান জন্ম গ্রহণের পর হইতে তার স্বামী আমির হামজা তার পিতার কুপরামর্শে চাকুরি নাম করে ৫ লক্ষ টাকা ও ইয়ামাহা ব্রান্ডের মোটর সাইকেল কেনার জন্য ৩ লক্ষ টাকাসহ মোট ৮ লক্ষ টাকা দাবী করিলে বাদীর অভিভাবক সংগ্রহ করে তার হাতে তুলে দেয়। তার পরও ১নং আসামী প্রায়ই বাদীনিকে যৌতুক দাবী করিয়া বিভিন্ন সময়ে মারধোর ও জ্বালা-যন্ত্রনা দিতে থাকিলেও বাদীনি স্বামীর কর্মস্থলে বিভিন্ন সময়ে বিভিন্ন স্থানে ঘর-সংসার করাকালীন সময়ে আসামী বাড়ী করার জন্য বাদীনির নিকট পুনরায় ৫ লক্ষ টাকা যৌতুক দাবী করে বাদীকে অমানসিক ভাবে জ্বালা-যন্ত্রনা ও মারধর করিয়া ঘটনার তারিখের ৮/১০ দিন পূর্বে বাদীনিকে তার পিতার বাড়ীতে তাড়াইয়া দিয়া কোন খোঁজ খবর না নিলে বাদীনি আসামীদের যৌতুকের টাকা দেওয়ার লোভ দেখাইয়া খবর দিলে আমির হামজা তার পিতাকে সাথে নিয়ে শ্বশুর বাড়ীতে আসে এবং সাংসারিক বিভিন্ন বিষয় আলোচনার একপর্যায়ে বাদীর পিতাকে বলে বাড়ি করার জন্য ৫ লক্ষ টাকা যৌতুক বাবদ দিলে বাদীকে নিয়ে ঘর-সংসার করিবে অন্যথায় তালাক দিয়া অন্যত্র বিবাহ করিয়া যৌতুক আদায় করবে বলে বাড়ী হইতে চলিয়া যায়।

মামলার বাদীর আইনজীবী মিয়াজান আলী বলেন, বিজ্ঞ বিচারক মামলাটি আমলে নিয়ে আসামীদের বিরুদ্ধে গ্রেফতারি পরোয়ানার আদেশ দিয়েছেন।